গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মান্দা, নওগাঁ
www.manda.naogaon.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৩.৬৪৪৭.০০০.১১.০০৪.২২- ৩৮২৯ তারিখ ঃ ২৩/১০/২০২২খ্রিঃ

বিষয় : উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ এবং বিজ্ঞান সভা আয়োজন প্রসঙ্গে।

সূত্র : মহাপরিচালক,জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর,ঢাকার ১৫/০৯/২০২২খ্রিঃ তারিখের ৩৯.০৩.০০০০.০০২.৩৫.০০১.২২.৩১৬(৩১৮)নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরে মান্দা উপজেলায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান বিষয়ক কুইজ এবং বিজ্ঞান সভা নিম্নোক্ত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।

বিজ্ঞান বিষয়ক কুইজ এবং বিজ্ঞান সভা সফলভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত উপ-কমিটি/মূল্যায়ণ/বিচারক কমিটি গঠন করা হলো।

বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং বিজ্ঞান সভার তারিখ,সময় ও স্থান :

| প্রতিযোগিতার নাম | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|
| বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা (মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতা সম্পন্নপূর্বক বিজয়ী ৩জন শিক্ষার্থীর নামের তালিকা দাখিল) | ৩১/১০/২০২২ তারিখের মধ্যে | সুবিধাসমত সময়ে | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান |
| বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা - প্রাথমিক পর্যায় | ০১/১১/২০২২ | সকাল ১০.৩০ টা | মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজ |
| বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা - চূড়ান্ত পর্যায় (প্রাথমিক পর্যায়ে নির্বাচিত ৮টি দল) | ০২/১১/২০২২ | সকাল ১০.৩০ টা | অফিসার্স ক্লাব জিমনেসিয়ান সেন্টার, মান্দা,নওগাঁ |
| বিজ্ঞান সভা | ০২/১১/২০২২ | বেলা ১২.০০ টা | |

**বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ও বিজ্ঞান সভা আয়োজন উপ-কমিটি :**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মান্দা,নওগাঁ | আহবায়ক | কমিটির কার্যক্রম |
| (২) | উপজেলা একাডেমিক সুপারভাইজার,মান্দা,নওগাঁ | সদস্য | এ কমিটি বিজ্ঞান বিষয়ক কুইজ ও বিজ্ঞান সভা আয়োজন সংক্রান্ত কার্যক্রম নিশ্চিত করবেন। |
| (৩) | সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মান্দা,নওগাঁ | সদস্য | |
| (৪) | অধ্যক্ষ,মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজ | সদস্য | |
| (৫) | জনাব আব্দুল হান্নান,প্রভাষক,কালিকাপুর আলিম মাদরাসা,মান্দা,নওগাঁ | সদস্য | |
| (৬) | জনাব সুবোধ সরকার,প্রভাষক,উত্তরা ডিগ্রি কলেজ,মান্দা,নওগাঁ | সদস্য | |

**বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার প্রশ্নপত্র প্রণয়ন,উত্তরপত্র মূল্যায়ণ ও চূড়ান্ত পর্যায়ের বিচারক উপ-কমিটি :**

| | | | |
|---|---|---|---|
| (১) | সহকারী কমিশনার(ভূমি),মান্দা,নওগাঁ | আহবায়ক | কমিটির কার্যক্রম |
| (২) | সিনিঃ উপজেলা মৎস্য অফিসার,মান্দা,নওগাঁ | সদস্য | এ কমিটি বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ণ ও চূড়ান্ত পর্যায়ের বিচারকের দায়িত্ব পালন করবেন। |
| (৩) | উপজেলা কৃষি অফিসার,মান্দা,নওগাঁ | সদস্য | |
| (৪) | উপজেলা প্রাণি সম্পদ অফিসার,মান্দা,নওগাঁ | সদস্য | |
| (৫) | সহকারী প্রোগ্রামার আইসিটি,মান্দা,নওগাঁ | সদস্য | |
| (৬) | সহকারী প্রোগ্রামার ইউআইটিআরসিই,মান্দা,নওগাঁ | সদস্য | |

উপরোক্ত কমিটির আহবায়কগণকে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ও বিজ্ঞান সভা আয়োজন নিশিচতকরনসহ সার্বিক কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিজ্ঞান বিষয়ক কুইজে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণ এবং বিজ্ঞান সভায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করবেন।

সংযুক্ত ঃ বিজ্ঞান বিষয়ক কুইজ ও বিজ্ঞান সভা আয়োজনের নির্দেশিকা


(মোঃ আবু বাক্কার সিদ্দিক)
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা,নওগাঁ।
দূরভাষ : ০২৫৮৮৮৮৬১০১ ( দাপ্তরিক)
মুঠোফোন : ০১৭৩০-৪৬০০১৪ (দাপ্তরিক)
Email :unomanda@mopa.gov,bd


বিতরণ : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মহাপরিচালক,জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর,আগারগাঁও,শের-ই-বাংলা নগর,ঢাকা-১২০৭।
০২। জেলা প্রশাসক,নওগাঁ।
০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মান্দা,নওগাঁ।
০৪। সহকারী কমিশনার(ভূমি),মান্দা,নওগাঁ।
০৫। উপজেলা ............................................................................অফিসার,মান্দা,নওগাঁ।
০৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.............................................................................................
০৭। ......................................................................................................................................

# বিজ্ঞান বিষয়ক কুইজ ও বিজ্ঞান সভা আয়োজনের নির্দেশিকা

১। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব' এর সার্বিক তত্ত্বাবধানে বিজ্ঞান বিষয়ক কুইজ ও বিজ্ঞান সভার আয়োজন সম্পন্ন করতে হবে।

(অ) বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার নির্দেশিকাঃ

প্রতিপাদ্য বিষয়ঃ

ক) পানির অপচয় রোধ।
খ) বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি।
গ) বিদ্যুৎ ব্যয় হ্রাসের বিজ্ঞানসম্মত জীবনধারা।
ঘ) ৪র্থ শিল্পবিপ্লবের সুফল।
ঙ) শিল্প কারখানার বর্জ্য ব্যবস্থাপনা।
চ) জীববৈচিত্র্য সুরক্ষা।
ছ) ড্রোনের ব্যবহার।
জ) পরিবেশ দূষণ।
ঝ) জলবায়ু পরিবর্তন।
ঞ) নিরাপদ খাদ্য।
ট) খাদ্যে ভেজাল রোধ।
ঠ) কভিড-১৯ এর বিজ্ঞানসম্মত ব্যবস্থাপনা।
ড) খ্যাতনামা বিজ্ঞানীদের জীবনী।
ঢ) নবায়নযোগ্য জ্বালানী।
ণ) মোবাইল আসক্তির কুফল।

কুইজের প্রশ্ন এসব বিষয় ভিত্তিক হতে হবে।

২। উপজেলার স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানের বিজ্ঞান বিষয়ক শিক্ষকদের সমন্বয়ে প্যানেল গঠন পূর্বক কুইজের প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।
৩। প্রতিযোগিতা দুর্নীতিমুক্ত রাখার সকল প্রচেষ্টা গ্রহণ করতে হবে।
৪। বিজয়ীদের পুরস্কারের মধ্যে সার্টিফিকেট অন্তর্ভুক্ত করতে হবে।

(আ) বিজ্ঞান সভা অনুষ্ঠানের নির্দেশিকাঃ

১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে/উপজেলা বিজ্ঞান ক্লাবে বিজ্ঞান সভা অনুষ্ঠিত হতে হবে।
২। ক্লাবের সদস্যদের সভা অনুষ্ঠানের অন্তত ১ সপ্তাহ পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
৩। সভায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হতে হবে।
৪। সভায় একটি ব্যানার প্রস্তুত ও টাঙ্গাতে হবে।
৫। স্থানীয় বিদ্যালয়ের স্বনামধন্য কয়েকজন বিজ্ঞান শিক্ষক ও কুইজে বিজয়ী শিক্ষার্থীদের আমন্ত্রণ জানাতে হবে।
৬। সভায় উপস্থিত সদস্যদের উপস্থিতির স্বাক্ষর নিতে হবে।
৭। সভায় একটি কার্যবিবরণী প্রস্তুত করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের পক্ষে

২৫/৯/২০২২

(মোঃ আনিসুর রহমান)
কিউরেটর
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর